

পদক্ষেপসমূহের চেকলিস্ট

হাই স্কুল এবং স্পেশালাইজড হাই স্কুল

<p>জুন-অগাস্ট</p>	<ul style="list-style-type: none"> ❑ হাই স্কুল কর্মসূচিসমূহ অনুসন্ধান করতে MySchools ব্যবহার করুন। ❑ জুন মাসে একটি হাই স্কুল ফ্যামিলি কর্মশালায় যোগ দিন। ❑ ফল ঋতুর জন্য আপনার ভর্তির ক্যালেন্ডার-এ— পরিকল্পনা তৈরি করুন—বিভিন্ন ইভেন্ট ও ওপেন হাউস সম্পর্কে জেনে নিন schools.nyc.gov/High ওয়েবসাইট থেকে। ❑ স্পেশালাইজড হাই স্কুল স্পেশালাইজড হাই স্কুলস অ্যাডমিশনস টেস্ট (SHSAT) এবং লাগুয়ার্ডিয়া হাই স্কুল অডিশনসমূহের জন্য প্রস্তুতি গ্রহণ করতে 2019-2020 স্পেশালাইজড হাই স্কুলস স্টুডেন্ট হ্যান্ডবুক পড়ুন এবং schools.nyc.gov/SHS ভিজিট করুন।
<p>সেপ্টেম্বর - নভেম্বর</p>	<ul style="list-style-type: none"> ❑ সেপ্টেম্বর ও অক্টোবর মাসে হাই স্কুল মেলায় যোগ দিন—স্থান, তারিখ ও সময়সূচির ব্যাপারে সর্বশেষ হালনাগাদ তথ্য জানতে আমাদের ওয়েবসাইট দেখুন। ❑ আগ্রহের কর্মসূচিসমূহে ভর্তির ক্ষেত্রে অতিরিক্ত শর্তাবলি রয়েছে কি না দেখে নিন। সময়সূচি নির্ধারণ করতে বা মূল্যায়নসমূহ জমা দেওয়ার পদ্ধতি জানতে MySchools.nyc ওয়েবসাইট দেখুন বা স্কুলসমূহের সাথে সরাসরি যোগাযোগ করুন। ❑ বিভিন্ন হাই স্কুল থেকে বেছে নেওয়ার জন্য যে সুযোগ আছে, সে ব্যাপারে কথা বলার জন্য আপনার স্কুলে বা কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে একজন কাউন্সেলরের সাথে দেখা করুন। ❑ ফল ঋতুতে, আপনার স্কুল কাউন্সেলর MySchools- এ হাই স্কুল রাউন্ড 1 আবেদনপত্র দেখতে সহায়তা দেবেন। আপনার অ্যাকাউন্টে লগ ইন করার পর আপনি যা করতে পারবেন: <ul style="list-style-type: none"> ▪ আপনি যেসব প্রোগ্রাম পছন্দ করছেন সেগুলোর নামের পাশের তারকাটিতে ক্লিক করে সেভ করুন। অন্তত 25টি প্রোগ্রাম সেভ করার চেষ্টা করুন! ▪ আপনার আবেদনপত্রে প্রোগ্রাম যোগ করা শুরু করুন। আপনি 12টি প্রোগ্রামে আবেদন করতে পারবেন —কীভাবে একটি ভারসাম্যপূর্ণ আবেদন প্রস্তুত করতে হয় তা সেকশন 4.0-এ জেনে নিন। ▪ আপনার আবেদনপত্রের কর্মসূচিসমূহের প্রয়োজনীয় পরীক্ষা, অডিশন বা অন্যান্য মূল্যায়নের সময়সূচি নির্ধারণ করুন। ❑ ওপেন হাউসসমূহে যোগ দিন এবং স্কুলসমূহ পরিদর্শন করুন। ❑ প্রয়োজনীয় মূল্যায়ন বা বাড়তি শর্তাবলি পূরণ করুন। ❑ স্পেশালাইজড হাই স্কুলস্ আপনার MySchools অ্যাকাউন্ট, আপনার স্কুল কাউন্সেলর, অথবা কোন একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের মাধ্যমে অক্টোবর 2019-এর শেষ তারিখের মধ্যে SHSAT এবং/অথবা লাগোয়ার্ডিয়া হাই স্কুল অডিশনের সময়সূচি প্রস্তুত করুন। schools.nyc.gov/Connect—সাইটে গিয়ে স্পেশালাইজড হাই স্কুলসমূহের ইমেইল তালিকার জন্য সাইন আপ করুন। আমরা আপনাকে শেষ তারিখ ঘোষিত হবার সাথে সাথে তথ্য পাঠিয়ে দেবো। ❑ স্পেশালাইজড হাই স্কুলস্ আপনার পরীক্ষা এবং/অথবা অডিশনের টিকিট(সমূহ) গ্রহণ করুন। আপনার টিকিট আপনার পরীক্ষা/অডিশনের তারিখ, সময় ও স্থান জানিয়ে দেবে। ❑ স্পেশালাইজড হাই স্কুলস্ অক্টোবর বা নভেম্বর মাসের নির্ধারিত সময়ে আপনার SHSAT বা অডিশনে অংশগ্রহণ করুন। পরীক্ষা দেওয়া এবং/অথবা অডিশন দেওয়া হলো এই সকল স্কুলে আবেদন করার পদ্ধতি।
<p>ডিসেম্বর</p>	<ul style="list-style-type: none"> ❑ 6 ডিসেম্বর, 2019-এর মধ্যে আপনার হাই স্কুলের আবেদন জমা দিন। তিনটি পদ্ধতির যেকোনো একটিতে আবেদন করুন: <ul style="list-style-type: none"> ▪ অনলাইনে MySchools.nyc ▪ আপনার স্কুল কাউন্সেলরের মাধ্যমে ▪ ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে ❑ স্কুলের সময়সীমার মধ্যে যেকোনো মূল্যায়ন বা অতিরিক্ত শর্তাবলি পূরণ করা অব্যাহত রাখুন।
<p>মার্চ</p>	<ul style="list-style-type: none"> ❑ আপনার মিডল স্কুলের অফার লেটার পাবেন। এই চিঠিতে থাকবে: <ul style="list-style-type: none"> ▪ আপনার হাই স্কুলের অফার এবং/অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, আপনার স্পেশালাইজড হাই স্কুলের ফলাফলসমূহ যার মধ্যে কোনো পরীক্ষা গ্রহণকারী স্কুলের একটি অফার বা কোনো লাগুয়ার্ডিয়া স্টুডিও-এর অফার অন্তর্ভুক্ত থাকতে পারে। ▪ শিক্ষার্থী এবং পরিবারের জন্য পরবর্তী পদক্ষেপসমূহ।